



## বাংলাদেশ দূতাবাস এথেন্স, গ্রিস

### প্রেস বিজ্ঞপ্তি

#### বিপুল উৎসাহ-উদ্দীপনায় গ্রিসে মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপন

বিপুল উৎসাহ-উদ্দীপনা ও উৎসবের আমেজে এবং যথাযোগ্য মর্যাদায় গ্রিসে উদ্‌যাপিত হলো মহান বিজয় দিবস-২০২২। ১৬ই ডিসেম্বর সকালে গ্রিসের এথেন্সস্থ বাংলাদেশ দূতাবাস প্রাঙ্গণে জাতীয় পতাকা আনুষ্ঠানিকভাবে উত্তোলনের মধ্য দিয়ে দিবসের কর্মসূচির সূচনা হয়। এ সময় গ্রিসে বসবাসকারী বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, ব্যবসায়ী এবং আঞ্চলিক সংগঠনের নেতৃবৃন্দ, নতুন প্রজন্মের শিশু-কিশোররা এবং দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারিসহ সর্বস্তরের প্রবাসী বাংলাদেশিরা উপস্থিত ছিলেন।

পবিত্র কোরআন থেকে তিলাওয়াত ও গীতা থেকে পাঠের মধ্য দিয়ে দিবসটি উপলক্ষ্যে আয়োজিত আলোচনা অনুষ্ঠান শুরু হয়। মহান মুক্তিযুদ্ধে শাহাদাতবরণকারী সকল শহীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ৭৫-এর ১৫ই আগস্টের শহিদগণসহ মহান মুক্তিযুদ্ধে সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করা হয়।

মহান বিজয় দিবসের গুরুত্ব ও তাৎপর্যের উপর বিশেষ আলোচনা পর্বে অংশ নেন প্রবাসী বাংলাদেশিদের বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, আঞ্চলিক ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি এবং বাংলাদেশ কমিউনিটির নেতৃবৃন্দ। বক্তারা মহান বিজয় দিবসে বঙ্গবন্ধুর আদর্শকে হৃদয়ে ধারণ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকারের চলমান উন্নয়ন কর্মসূচি অব্যাহত রাখার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। রাষ্ট্রদূত আসুদ আহমদ তাঁর বক্তব্যের শুরুতে বাংলাদেশের স্বাধীনতা অর্জনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অনন্য নেতৃত্ব এবং মুক্তিযোদ্ধাদের সর্বোচ্চ আত্মত্যাগের কথা স্মরণ করে তাঁদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি প্রবাসীদের ক্ষুধা ও দারিদ্রমুক্ত উন্নত বাংলাদেশ বিনির্মাণে সরকারের উন্নয়ন কর্মসূচিতে সক্রিয় অংশগ্রহণের জন্য আহ্বান জানান।

এ বছর মহান বিজয় দিবস উদযাপনের সবচেয়ে উল্লেখযোগ্য দিক ছিলো দূতাবাসের উদ্যোগে এথেন্স মিউনিসিপ্যালিটির সহায়তায় গ্রিসের রাজধানী এথেন্সের ঐতিহাসিক ওমোনিয়া স্কয়ারে অবস্থিত ফোয়ারায় বাংলাদেশের জাতীয় পতাকার রঙে আলোকসজ্জার আয়োজন। সন্ধ্যা ৭টার পর দর্শনীয় এই পানির ফোয়ারাটি বাংলাদেশের জাতীয় পতাকার লাল-সবুজ আলোয় আলোকিত হয়ে ওঠে। এ সময় বাংলাদেশের রাষ্ট্রদূত, দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারিবৃন্দ এবং গ্রিসের বাংলাদেশ কমিউনিটির নেতৃস্থানীয় ব্যক্তিবর্গসহ সর্বস্তরের বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশিরা ও বিভিন্ন দেশের পর্যটকসহ স্থানীয় জনসাধারণ উপস্থিত ছিলেন। তারা সবাই মহান বিজয় দিবসে দূতাবাসের এই সুন্দর উদ্যোগের প্রশংসা করেন।

সর্বস্তরের বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশি মহান বিজয় দিবস উপলক্ষ্যে দূতাবাস কর্তৃক আয়োজিত এ অনুষ্ঠানসমূহে অংশগ্রহণ করেন।

এথেন্স, ১৬ই ডিসেম্বর ২০২২